

স্নাতক যুগ্ম ষাণ্মাসিক পরীক্ষা, ২০১৯

বাংলা

( ঐচ্ছিক )

( চতুর্থ ষাণ্মাসিক )

পাঠক্রম নং : BNGP-401

( আধুনিক বাংলা কবিতা )

পূর্ণমান : ৫০

উত্তীর্ণমান : ১৭

সময় : ২ ঘণ্টা

পাশ্চাত্য সংখ্যা পূর্ণমান নির্দেশক

- ১। (ক) কত খ্রিস্টাব্দে কবি মাইকেল মধুসূদন দত্তের জন্ম হয়? তাঁর মায়ের নাম কী? কত খ্রিস্টাব্দে তিনি খ্রিস্টধর্মে দীক্ষা গ্রহণ করেছিলেন? ‘মেঘনাদবধ কাব্য’-এর প্রধান অবলম্বন কোন্ রস—বীররস না করুণরস, আলোচনা করো।  $১+১+১+১১=১৪$

অথবা

- (খ) মাইকেলের পিতার নাম কী? চতুর্থ সর্গের প্রথম চরণেই কবি কোন্ কবিকে স্মরণ করেছেন? সরমা কে? “‘মেঘনাদবধ কাব্য’-এর চতুর্থ সর্গটি কাব্যের মূল কাহিনি হইতে বিচ্ছিন্ন এবং মূল প্রয়োজন সিদ্ধির পক্ষে নিরর্থক।” এই মন্তব্যের আলোকে চতুর্থ সর্গের উপযোগিতা কতটুকু, আলোচনা করো।  $১+১+১+১১=১৪$

- ২। (ক) নজরুল ইসলামের জন্মস্থান কোথায়? তাঁর পিতার নাম কী? ‘সৃষ্টি সুখের উল্লাসে’ কবিতায় কবির মূল বক্তব্য বিষয় কী তা বুঝিয়ে দাও।  $১+১+১২=১৪$

অথবা

- (খ) নজরুলের বাল্যবন্ধু একজন বিখ্যাত সাহিত্যিকের নাম লেখো। ‘অগ্নিবীণা’ কত খ্রিস্টাব্দে প্রথম প্রকাশিত হয়? “‘ফরিয়াদ’ কবিতাটির মধ্যে নজরুলের কবিমানস সুতীব্রভাবে পরিস্ফুট।” এই মন্তব্যটির তাৎপর্য বিশ্লেষণ করো।  $১+১+১২=১৪$

- ৩। (ক) ‘ঈশানের পুঞ্জমেঘ’ কাব্য সংকলন গ্রন্থটি কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়? কবি অশোকবিজয় রাহা কোন্ বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ছিলেন? “‘জন্মভূমি, তোমাকে ডুলি না’ কবিতায় কবির জন্মভূমির প্রতি গভীর মমতা ও তীব্র আকর্ষণই কবিতাটিকে স্বতন্ত্র মাত্রা দান করেছে।” আলোচনা করো।  $১+১+১২=১৪$

অথবা

- (খ) কবি পরমানন্দ সরস্বতীর সন্ন্যাস গ্রহণের পূর্বে কী নাম ছিল? তাঁর প্রথম কাব্যগ্রন্থটির প্রকাশক ছিলেন সেসময়কার আরেক খ্যাতনামা কবি; তিনি কে? “‘তাঁর ‘আদিরাগ’ কবিতাটিতে বিরহের মূর্ছনায় স্মৃতির ঔজ্জ্বল্য নাতিদীর্ঘ বয়ানকে সুবিপুল বিস্তৃতি দান করেছে।” পর্যালোচনা করো।  $১+১+১২=১৪$

( 3 )

৪। টীকা লেখো (যে কোনো দুটি) : ৪×২=৮

(ক) ‘মেঘনাদবধ কাব্য’-এর প্রমীলা চরিত্র

(খ) নবম সর্গে রাবণ

(গ) কবিতায় স্বদেশপ্রেমিক নজরুল

(ঘ) ‘একটি সন্ধ্যা’র কাব্যসৌন্দর্য

(ঙ) কবি শক্তিপদ ব্রহ্মচারী

\*\*\*